'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A./B.Sc./B.Com./BBA/BCA/BBA(TAH)/B.VOC./BSW Honours/Programme 2nd Semester Examination, 2024

## AECC2-BENGALI (MIL)

Time Allotted: 2 Hours | Full Marks: 35

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×৩ = ১৫

(ক) 'সবুজের অভিযান' কবিতায় যে শিকল দেবীর উল্লেখ আছে তার পরিচয় দাও।

(খ) 'দেনাপাওনা' গল্পে নিরুপমার মৃত্যুর জন্য কে, বা কারা দায়ী — আলোচনা করো।

(গ) 'আদাব' গল্পে সুতাকলের মজুর চরিত্রটি চিত্রিত করো।

(ঘ) 'আমার কৈফিয়ৎ' কবিতাটি কোন্ কাব্যের অন্তর্গত ? 'কৈফিয়ৎ' কথাটির অর্থ কী ? আলোচ্য কবিতাটি থেকে কবির যে-কোনো দুটি বক্তব্যের আলোচনা করো।

(ঙ) নিম্নের অনুচ্ছেদটিকে IPA-তে রূপান্তরিত করোঃ

সামাজিক জীবনে আমি বিশেষ এক ধরনের কাজ করতে পারি, তুমি অন্য ধরনের কাজ করতে পারো। তুমি না হয় দেশ শাসন করো, আমি না হয় জুতো সারি। কিন্তু তাই বলে তুমি আমার চেয়ে বড় হতে পারো না। আমার মাথায় পা দিতে পারো না। তুমি খুন করে প্রশংসা পাবে আর আমি আম চুরি করলে ফাঁসি যেতে হবে — এমন হতে পারে না।

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×২ = ২০

(ক) "যৌবনের জরাসন্ধের দুর্গ ভেঙ্গে ফেলে জীবনের জয়ধ্বনি উড়ায়" — কবির এই ধারণা 'সবুজের অভিযান' কবিতায় কিভাবে প্রতিষ্ঠিত হয়েছে — আলোচনা করো।

(খ) 'বৈজ্ঞানিক বুদ্ধি' প্রবন্ধে বিজ্ঞান ও কুসংস্কার বিষয়ে রাজশেখর বসুর মনোভাব ব্যক্ত করো।

(গ) 'দেনাপাওনা' গল্পটি কোন সামাজিক সমস্যাকে কেন্দ্র করে গড়ে উঠেছে ? গল্পটির কাহিনি বিশ্লেষণ করে লেখকের সমাজ মনস্কতার পরিচয় দাও।

(ঘ) বাংলায় অনুবাদ করোঃ

Our life is short. But we have to do many things. Human life is nothing but a collection of moments. So we must not spend a single moment in vain. To kill (waste) time is to shorten life. Time and tide wait for none.

——×——